দৈনিক ইনকিলাব

তারিখ 21 OCT 2002
পৃঃ ৫ কলাম ৪

### সাংবাদিক সম্মেলনে ইউজিসি'র তদন্ত কমিটি

# ইসলামী বিশ্ববিদ্যালয়ে ৫ বছরে বিভিন্ন ক্ষেত্রে ব্যাপক অনিয়ম হয়েছে

**ইসলামী বিশ্ববিদ্যালয় সংবাদদাতা :** বিগত ৫ বছরে দেশের সকল বিশ্ববিদ্যালয়ে সংঘটিত অনিয়মের সুষ্ঠু তদন্তের জন্য বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (ইউজিসি) কর্তৃক গঠিত উচ্চ পর্যায়ের একটি তদন্ত কমিটি গত (শনিবার) ইসলামী বিশ্ববিদ্যালয় পরিদর্শন করে। পরিদর্শনকালে কমিটি বিগত ১৯৯৭ সালের জুলাই থেকে ২০০২ সালের পূর্ব পর্যন্ত সময়ের মধ্যে ইসলামী বিশ্ববিদ্যালয়ে সংঘটিত নিয়োগ পদোন্নতি, নির্মাণ ও অর্থনৈতিক ব্যয়সংক্রান্ত বিভিন্ন নথিপত্র তদন্ত করেন। প্রাথমিক তদন্ত শেষে কমিটি সাংবাদিকদের সাথে মতবিনিময়কালে ইসলামী বিশ্ববিদ্যালয়ে অনেক অনিয়ম খুঁজে পেয়েছেন বলে জানান। কমিটির বর্ণনা মতে, উল্লেখযোগ্য অনিয়মগুলো হলো সাবেক ভিসি কায়েস উদ্দিনের সময়ে শিক্ষকপদে চারজনের বিজ্ঞাপন দিয়ে ১৩ জন নিয়োগ, কর্মকর্তা পদে ৪ জনের বিজ্ঞাপন দিয়ে ২৬ জন নিয়োগ ও কর্মচারী পদে ৩ জনের স্থলে ১৩ জন নিয়োগ, উক্ত ভিসির রাজশাহীর বাসার টেলিফোন বিল বাবদ অবৈধভাবে ৭০ হাজার টাকা গ্রহণ, স্বজনপ্রীতির মাধ্যমে আত্মীয়দের চাকরি প্রদান এবং নির্মাণ কাজ শুরুর পূর্বেই ঠিকাদারদের টাকা প্রদান। তদন্ত কমিটি আরো জানান, তদন্তের সুবিধার্থে পূর্বেই বিভিন্ন তথ্য চাওয়া হলেও কর্তৃপক্ষ অনেক তথ্য গোপন করেছে। উল্লেখ্য, প্রতি বছর দেশের বিশ্ববিদ্যালয়গুলোতে ১০০ কোটির উপরে বাজেট ঘাটতি থাকার প্রেক্ষিতে সরকার দেশের সকল বিশ্ববিদ্যালয়ে সৃষ্ট অনিয়মের তদন্ত সাপেক্ষে নিয়ম-শৃঙ্খলা ফিরিয়ে আনার লক্ষ্যে গত ২৯ জুন ইউজিসি-এর সদস্য অধ্যাপক কে এম মহসিনকে আহবায়ক করে ৭ সদস্যবিশিষ্ট এই তদন্ত কমিটি গঠন করে।